১৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 AUG 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী কালো থাবা থেকে মুক্ত করা হবে

—ছাত্রদল

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সম্পাদকমণ্ডলীর এক জরুরী সভা গতকাল সংগঠনের কেন্দ্রীয় সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানির সভাপতিত্বে কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

সভায় সরকারী ছাত্র সংগঠনের ছত্রছায়ায় ঢাকা শহরের চিহ্নিত মস্তান ও সন্ত্রাসী চক্র কর্তৃক সাম্প্রতিক সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট নৈরাজ্যকর অসহনীয় পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। সভার প্রস্তাবে বলা হয়, ছাত্র লীগ সরকারী ক্ষমতার প্রভাবে অস্ত্রধারী কর্মী বাহিনী দ্বারা একের পর এক ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো দখল করে শিক্ষার পরিবেশকে অচল করে দিয়ে উচ্চ

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ছাত্রদল

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষার ক্ষেত্রকে সংকুচিত করার এবং আমাদের শিক্ষাকে ভারতমুখী করার গভীর চক্রান্তে লিপ্ত। সভায় এ অনাকাঙ্খিত অবস্থার, পরিত্রাণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী কালো থাবা থেকে মুক্ত করার অঙ্গীকার ব্যক্ত করা হয়।

সভায় বক্তব্য রাখেন ছাত্রদল সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল, নাসির উদ্দীন পিন্টু, আব্দুল খালেক, মঞ্জুর এলাহী, এবিএম মোশারফ হোসেন, সাহাবুদ্দীন লাল্টু, কাজী রফিক, সাইফুল আলম নীরব, আনসার আলী জয়, নসরুল্লা খান জুনায়েদ, নাসিরুদ্দীন আহমদ অসীম, সেলিমুজ্জামান সেলিম প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।